

নবম ও দশম শ্রেণি বাংলা ১ম পত্র তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা

জ্ঞানমূলক প্রশ্ন:

- ১. রুস্তম শেখের ফুসফুস এখন পোকার দখলে কেন?
- ২. তেজি তরুণ রাইফেল কাঁধে বনে জঙ্গলে ঘুরে বেড়ায় কেন?
- ৩. মোল্লাবাড়ির বিধবা কী ধরে দাঁড়িয়ে আছে?
- ৪. শামসুর রাহমান রচিত কাব্যগ্রন্থগুলোর নাম লিখ।
- ৫. স্বাধীনতা আসবে বলে গ্রামের পর গ্রাম কী হয়েছে?
- ৬. পিতামাতার লাশের ওপর কে হামাগুড়ি দিল?
- ৭. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় 'নতুন নিশান' দ্বারা কী বোঝানো হয়েছে?
- ৮. মতলব মিয়া পেশায় কী?
- ৯. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় হরিদাসীর সিঁথির সিঁদুর মুছে গেল কেন?
- ১০. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক কীসের প্রতীক?

সূজনশীল প্রশ্ন:

ভাষার দাবিকে ভূ-লুণ্ঠিত করার জন্য পশ্চিম পাকিস্তানের শাসকগোষ্ঠী ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে পূর্ব বাংলায় ১৪৪ ধারা জারি করে। কিন্তু এ দেশের ছাত্রসমাজ প্রতিবাদমুখর হয়ে ১৪৪ ধারা ভঙ্গ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বর থেকে মিছিল বের করে। মিছিলে পুলিশ লাঠিচার্জ, টিয়ার গ্যাস ও গুলি চালালে সালাম, বরকত, রফিকসহ অনেকে শহীদ হন। অবশেষে সর্বস্তরের জনগণ এ আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। ক) কবি শামসুর রাহমান তাঁর কবিতার বিষয় ও উপাদানে কী ছিলেন?

- খ) স্বাধীনতার জন্যে থুণ্মুরে বুড়ো, মোল্লা বাড়ির বিধবা আর অনাথ কিশোরী—কে কিভাবে অপেক্ষা করছে। ব্যাখ্যা করো।
- গ) উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে—ব্যাখ্যা করো। ঘ) উদ্দীপকটি 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার খণ্ডাংশের ভাবকে ধারণ করেছে মাত্র'— মন্তব্যটির যথার্থতা যাচাই করো।